

## 💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ তাহাজ্জুদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## তাহাজ্জুদ নামায

রাতের নিঃঝুম পরিবেশে যখন সবাই ঘুমিয়ে থাকে, নিদ্রার আবেশে মানুষ যখন মহান সৃষ্টিকর্তা ও প্রতিপালকের কথা বিস্মৃত হয়, সেই সময় আল্লাহর কিছু খাস বান্দা নিদ্রা, আরাম-আয়েশ ও স্ত্রীর শয্যা ত্যাগ করে আল্লাহকে বিশেষভাবে স্মরণ করার জন্য, তাঁর সাথে মুনাজাতে নিমগ্ন হওয়ার জন্য উঠে ওয় করে তাহাজ্জুদ পড়েন। আল্লাহর ক্ষমা লাভ করতে প্রয়াস পান। চেয়ে নেন আল্লাহর কাছে অনেক কিছু। নিশ্চয় সে বান্দাগণ বড় ভাগ্যবান, আর নিশ্চয় সে নামায বড় গুরুত্ব ও মাহাত্মপূর্ণ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3020

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন